## কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ

- বঙ্গবন্ধু সার্বজনীন পেনশন বীমা (লাভসহ)
- সর্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- দেনমোহর বীমা
- হজ্ব বীমা (লাভসহ)
- প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)
- ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)
- মেয়াদী বীমা (লাভসহ)
- প্রগতিশীল মেয়াদী বীমা
- ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (লাভসহ)
- শিশু নিরাপত্তা বীমা (লাভসহ)
- মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- একক প্রিমিয়াম বীমা (লাভসহ)
- প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম
- জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কিম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**জীবন বীমা কর্পোরেশন**
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।

"সকল শ্রেণি-পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন-যাত্রার মান উন্নয়ন করাই জীবন বীমা কর্পোরেশনের মুল উদ্দেশ্য।"

## ছেলেমেয়েদের শিক্ষা ও বিবাহ বীমা (লাভবিহীন)
## (টেবিল নং-৪৭)
**Child Endowment Policy (Without Profit) (Table-47)**



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**জীবন বীমা কর্পোরেশন**
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন: ০২২২৩৩৮৫৭২০
ই-মেইল: tad@jbc.gov.bd
Web: jbc.gov.bd

## ছেলেমেয়েদের শিক্ষা ও বিবাহ বীমা (লাভবিহীন)
## (টেবিল নং-৪৭)
**Child Endowment Policy (Without Profit) (Table-47)**




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**জীবন বীমা কর্পোরেশন**
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

মুদ্রণ: ০৬/০৭/২০২৩

## তালিকা-৪৭
## ছেলেমেয়েদের শিক্ষা ও বিবাহ বীমা (লাভবিহীন)

### ভূমিকা:
এই বীমা গ্রহণের মাধ্যমে অভিভাবকগণ তাঁদের সন্তানদের ভবিষ্যৎ গঠনের পথ সুগম করে থাকেন। এই পরিকল্পনা অন্তর্ভুক্ত বীমা সন্তানের উচ্চশিক্ষাজনিত বা বিবাহকালীন আর্থিক দুশ্চিন্তা থেকে তাঁদেরকে মুক্ত রাখে। কারণ, বীমাগ্রাহক তাদের উচ্চশিক্ষা, বিবাহ বা অন্য নানাবিধ বিশেষ ভবিষ্যৎ প্রয়োজনের সময় অথবা কালের দিকে লক্ষ্য রেখে উপযুক্ত মেয়াদের এই বীমা ক্রয় করলে, এ সমস্ত প্রয়োজনের সম্ভাব্য ব্যয় বীমার মাধ্যমে পেতে পারেন।


### যাদের জন্য উপযোগী:
জীবন বীমা কর্পোরেশন এই বীমাটি সন্তানের শিক্ষা ও বিবাহ ব্যয় নির্বাহের জন্য চালু করেছে। যে সমস্ত পিতা-মাতা তার সন্তানের উচ্চ শিক্ষা ও বিবাহ ব্যয় নির্বাহের জন্য দুশ্চিন্তাগ্রস্থ তাদের জন্য এই পরিকল্পটি।

### বৈশিষ্ট্যাবলী/সুবিধাবলী:
- প্রবেশকালীন বয়স: প্রিমিয়াম দাতার প্রবেশকালীণ বয়স সর্বনিম্ন ২৫ এবং সর্বোচ্চ ৫০ বছর।
- সর্বোচ্চ বীমা অংক বীমাগ্রাহকের আর্থিক সামর্থ্য অনুযায়ী।
- মেয়াদ: ১০ - ২১ বছর।
- প্রিমিয়াম পরিশোধ পদ্ধতি: ষান্মাসিক ও বার্ষিক।
- যদি মেয়াদ-পূর্তির পূর্বে প্রিমিয়ামদাতার মৃত্যু হয়, তাহলে মৃত্যুর দিন থেকে মেয়াদ-পূর্তি পর্যন্ত দেয় প্রিমিয়াম মওকুফ হয়ে যায়।
- যে সন্তানের জন্য এই জাতীয় বীমাপত্র দেয়া হয়, বীমার মেয়াদকালে তার মৃত্যু ঘটলে প্রথম বছরের প্রিমিয়াম ছাড়া পরবর্তী বছরে প্রদত্ত সকল প্রিমিয়াম শতকরা ২ টাকা হার সুদে ফেরৎ দেয়া হয়, অন্যথায় বীমা অন্য কোন সন্তানের উপকারার্থে চালু রাখা যেতে পারে।
- সন্তানের স্বার্থ সংরক্ষণকল্পে মেয়াদ শেষে বীমাপত্রে উলেখিত মনোনীত সন্তানকেই বীমার অর্থ দেয়া হয়।
- এই বীমায় সমর্পণ মূল্য ও ঋণ দেওয়া হয় না।
- প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যাবে ।
- এই বীমার সঙ্গে অতিরিক্ত সুবিধার বীমা (Supplementary benefit) গ্রহণ করা যাবে না।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

## ছেলেমেয়েদের শিক্ষা ও বিবাহ বীমা (লাভবিহীন) (টেবিল নং-৪৭)

**নির্দিষ্ট মেয়াদের জন্য প্রতি ১,০০০ টাকার বীমার বার্ষিক প্রিমিয়াম।**
প্রিমিয়াম নির্ধারিত মেয়াদ বা তাৎপূর্বে বীমাগ্রাহকের মৃত্যু ঘটলে মৃত্যুর পূর্ব পর্যন্ত দেয়।

| মেয়াদ | অভিভাবকের নিকটতম জন্মদিনে বয়স | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ২৫ | ৩০ | ৩৫ | ৪০ | ৪৫ | ৫০ |
| ১০ | ৯৫.৯০ | ৯৬.০০ | ৯৬.৩০ | ৯৬.৮০ | ৯৭.৭০ | ৯৯.৭০ |
| ১১ | ৮৬.০০ | ৮৬.১০ | ৮৬.৪০ | ৮৬.৯০ | ৮৭.৯০ | ৮৯.৯০ |
| ১২ | ৭৭.৭০ | ৭৭.৮০ | ৭৮.১০ | ৭৮.৭০ | ৭৯.৭০ | ৮১.৮০ |
| ১৩ | ৭০.৭০ | ৭০.৮০ | ৭১.১০ | ৭১.৬০ | ৭২.৮০ | ৭৪.৯০ |
| ১৪ | ৬৪.৬০ | ৬৪.৮০ | ৬৫.১০ | ৬৫.৭০ | ৬৬.৯০ | ৬৮.৯০ |
| ১৫ | ৫৯.৪০ | ৫৯.৮০ | ৫৯.৯০ | ৬০.৫০ | ৬১.৭০ | ৬৩.৮০ |
| ১৬ | ৫৪.৮০ | ৫৫.০০ | ৫৫.৩০ | ৫৫.৯০ | ৫৭.৩০ | |
| ১৭ | ৫০.৮০ | ৫১.০০ | ৫১.৩০ | ৫১.৯০ | ৫৩.২০ | |
| ১৮ | ৪৭.২০ | ৪৭.৩০ | ৪৭.৭০ | ৪৮.৪০ | ৪৯.৬০ | |
| ১৯ | ৪৩.৯০ | ৪৪.১০ | ৪৪.৫০ | ৪৫.২০ | ৪৬.৪০ | |
| ২০ | ৪১.০০ | ৪১.২০ | ৪১.৬০ | ৪২.৩০ | ৪৩.৭০ | |
| ২১ | ৩৮.৫০ | ৩৮.৭০ | ৩৯.০০ | ৩৯.৮০ | | |



### উদাহরণ :
৩৫ বছর বয়সের একজন ব্যক্তি ৮ বছর বয়সী সন্তানের জন্য ৫,০০,০০০/- টাকার ১টি 'ছেলেমেয়েদের শিক্ষা ও বিবাহ বীমা পলিসি' জেবিসি হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও দাবীর হিসাব নিম্নরূপ:

(ক) ১০ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ৪৬,১৫০/- টাকা। ১০ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ৪,৬১,৫০০/- টাকা, মেয়াদ শেষে মূল বীমা অঙ্ক প্রদেয় ৫,০০,০০০/- টাকা। মেয়াদের পূর্বে বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে মূল বীমা অঙ্ক ৫,০০,০০০/- টাকা প্রাপ্য হবেন।

(খ) ১৫ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ২৭,৯৫০/-টাকা। ১৫ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ৪,১৯,২৫০/- টাকা, মেয়াদ শেষে মূল বীমা অঙ্ক প্রদেয় ৫,০০,০০০/-টাকা। মেয়াদের পূর্বে বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে মূল বীমা অঙ্ক ৫,০০,০০০/- টাকা প্রাপ্য হবেন।

(গ) ১৬ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ২৫,৬৫০/-টাকা। ১৬ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ৪,১০,৪০০/- টাকা, মেয়াদ শেষে মূল বীমা অঙ্ক প্রদেয় ৫,০০,০০০/- টাকা। মেয়াদের পূর্বে বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে মূল বীমা অঙ্ক ৫,০০,০০০/- টাকা প্রাপ্য হবেন।

### দাবী নিস্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:

**মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:**
১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

**মরণোত্তর দাবী ক্ষেত্রে:**
দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি- ১।বীমা দলিল, ২। দাবী ফরম, ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৪। জাতীয় পরিচয়পত্রের ফটেকপি, ৫। মৃত্যুসনদপত্র, ৬।কবরস্থান সনদপত্র, ৭। চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

মুদ্রণ: ০৬/০৭/২০২৩